দৈনিক সংবাদ

26

তারিখ 28 SEP 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১

# রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফল ।। পাসের হার শতকরা ৬৪.৪৬

(নিজস্ব বার্তা পরিবেশক)

রাজশাহী বোর্ডের চলতি বছরের এসএসসি পরীক্ষার ফলাফল গতকাল শুক্রবার প্রকাশিত হয়েছে। পাসের হার ৬৪ দশমিক ৪৬ যা গত বছরের তুলনায় প্রায় দ্বিগুণ। গতবার পাস করেছিল ৩৩ দশমিক ২৯ শতাংশ ছাত্রছাত্রী।

রাজশাহী বোর্ডের ফলাফল নিয়ে এ পর্যন্ত দু'টি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল পাওয়া গেল। গত ১৬ই সেপ্টেম্বর ঢাকা বোর্ডের

রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফল ৩, ৫, ৬ পাতায়।

ফলাফল প্রকাশিত হয়, পাসের হার ছিল ৬৭ দশমিক ৫৮ এবং এক্ষেত্রেও গতবারের চেয়ে প্রায় দ্বিগুণ সংখ্যক ছাত্রছাত্রী পাস করেছে।

রাজশাহী বোর্ডের বিজ্ঞান বিভাগের শীর্ষ স্থানটি দখল করেছে রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের আব্দুল্লাহ আল মাহমুদ, মেধা তালিকায় ষষ্ঠ এবং মেয়েদের মধ্যে প্রথম হয়েছে বগুড়া সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী রাফিয়া রাজ্জাক। সমাজবিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে হারাদিয়া উচ্চ বিদ্যালয়ের ছাত্র শাহজাহান আলী আর ছেলেমেয়ে মিলিয়ে ৫ম ও মেয়েদের মধ্যে প্রথম হয়েছে ৎনট পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী মসলিমা আক্তার।

সর্বমোট ১ লাখ ৩ হাজার ৯৩১ জন ছাত্রছাত্রী এবার পরীক্ষা দিয়েছিল, পাস করেছে ৬৬ হাজার ৯৯৯ জন। এর মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ৭ হাজার ৮২১ জন, দ্বিতীয় বিভাগ ২৭ হাজার ৯৮২ জন এবং তৃতীয় বিভাগ ৩১ হাজার ১৯৬ জন। প্রথম বিভাগপ্রাপ্তদের মধ্যে অধিকাংশই বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রী। তাদের

রাজশাহী বোর্ড : পৃঃ ৮ কঃ ৪

## রাজশাহী বোর্ড : ফল প্রকাশিত

(১ম পাতার পর)

সংখ্যা ৬ হাজার ৯৩৪।

প্রকাশিত ফলাফল থেকে দেখা যায়, বিজ্ঞান বিভাগে পাসের হার সমাজবিজ্ঞান বিভাগের তুলনায় প্রায় ২০ শতাংশ বেশী। বিজ্ঞানে পাস করেছে ৭৬ দশমিক ৭৬ এবং সমাজবিজ্ঞানে ৫৬ দশমিক ৩৮ শতাংশ। দুই বিভাগ মিলিয়ে ছেলেদের তুলনায় মেয়েদের পাসের হার বেশী। ছেলেরা পাস করেছে ৬২ দশমিক ১৯। আর মেয়েরা ৭০ দশমিক ২৮ শতাংশ।

বিজ্ঞান বিভাগের মেধা তালিকার ২০টি স্থানের মধ্যে রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ শুধু প্রথম দু'টি স্থান পেয়েছে। এছাড়া মেধা তালিকায় রাজশাহী ক্যাডেট কলেজের ৮ জন, রংপুর ক্যাডেটের ৪ জন এবং পাবনা ক্যাডেটের ৩ জন ছাত্র রয়েছে। সমাজবিজ্ঞান বিভাগের ক্যাডেট কলেজগুলোর মধ্যে শুধু রাজশাহীর একজন ছাত্র যুগ্মভাবে ১৮ তম হয়েছে।